



**COVID-19
VACCINE**
Public Health
Advice



শিশু ও 12 থেকে 15
বছর বয়সী কিশোর-
কিশোরীদের জন্য কমিনাটি
(Pfizer/ BioNTech) টিকা

পিতামাতা ও অভিভাবকদের
জন্য গুরুত্বপূর্ণ জ্ঞাতব্য তথ্য

সংস্করণ 12
14 সেপ্টেম্বর 2023



Rialtas na hÉireann
Government of Ireland

এই লিফলেটটির সম্পর্কে

এই লিফলেটটি 12 থেকে 15 বছর বয়সী শিশুদের জন্য COVID-19 (করোনাভাইরাস) টিকা সম্পর্কে তথ্য দেয়।

এটি আপনাকে নিম্নলিখিত বিষয়ে বলে:

- 12-15 বছর বয়সী শিশুদের মধ্যে COVID-19 হওয়া
- COVID-19 টিকা কী
- 12 থেকে 15 বছর বয়সী শিশুদের টিকা নেওয়ার কী সুবিধা রয়েছে
- 12 থেকে 15 বছর বয়সী শিশুদের টিকা নেওয়ার কী ঝুঁকি রয়েছে
- টিকার নিরাপত্তা এবং পার্শ্ব প্রতিক্রিয়াগুলি কী
- তাদের COVID-19 টিকা নেওয়ার পরে কী প্রত্যাশা করা যায়
- তাদের COVID-19 টিকা নেওয়ার জন্য সম্মতি প্রদান
- আপনি কোথা থেকে আরও তথ্য পেতে পারেন

অনুগ্রহ করে এই লিফলেটটি মনোযোগ সহকারে পড়ুন। এই তথ্য পুস্তিকার জন্য আমাদের লক্ষ্য হল, আপনাকে আপনার সন্তানের টিকা নেওয়ার বিষয়ে একটি অবগত সিদ্ধান্ত নেওয়ার সুযোগ প্রদান করা। এছাড়াও আপনি টিকা সম্পর্কে আপনার GP (চিকিৎসক) বা ফার্মাসিস্টের মতো কোনো স্বাস্থ্যসেবা পেশাদারের সাথে কথা বলতে পারেন।

এছাড়াও আপনি:

- টিকা প্রস্তুতকারকের সরবরাহ করা রোগীর তথ্য সমন্বিত লিফলেট পড়তে পারেন, এখানে www.hse.ie/covid19vaccinePIL
- আপনার সন্তানের সাথে টিকার বিষয়ে আলোচনা করতে পারেন বা তাদের সাথে লিফলেট পড়তে পারেন
- www.hse.ie-এ উপলব্ধ আরও তথ্য পড়তে পারেন

COVID-19 সম্পর্কে

COVID-19 হল এক ধরনের অসুস্থতা, যাতে ফুসফুস, শ্বাসনালী এবং কখনও শরীরের অন্যান্য অংশও প্রভাবিত হতে পারে। এটি করোনাভাইরাস (coronavirus) নামক ভাইরাসের কারণে হয়।

এটি অত্যন্ত সংক্রামক। মানুষের কাশি বা হাঁচির পরে যে ড্রপলেট বা জলকণা বাতাসে ছিটকে বেরোয় সেই বাতাসের মাধ্যমে, বা ড্রপলেটগুলি কোনও পৃষ্ঠতলে পড়লে সেই পৃষ্ঠতল স্পর্শ করে সেই হাত দিয়ে চোখে, নাকে বা মুখে স্পর্শ করার মাধ্যমে এই ভাইরাসের সংক্রমণ ছড়িয়ে পড়ে।

COVID-19-এর সবচেয়ে সাধারণ উপসর্গগুলি হলো:

- জ্বর (38 ডিগ্রি সেলসিয়াস বা তার বেশি শরীরের তাপমাত্রা) - কাঁপুনি সহ
- শুকনো কাশি
- ক্লান্তি

COVID-19-এর সংস্পর্শে আসার পরে উপসর্গ ফুটে উঠতে 14 দিন পর্যন্ত সময় লাগতে পারে। উপসর্গগুলি সর্দি বা ফ্লু-এর মতোই লাগতে পারে। আপনার সন্তানের এই সমস্ত উপসর্গ নাও থাকতে পারে বা তার স্বাভাবিকের চেয়ে শরীর একটু খারাপ লাগতে পারে।

আপনার সন্তানের মধ্যে COVID-19-এর কোনো উপসর্গ থাকলে, তাকে সেলফ-আইসোলেন্ট (নিজেদের ঘরের মধ্যে আলাদা থাকা) রাখতে হবে এবং পরামর্শ পাওয়ার জন্য আপনি এখানে ভিজিট করতে পারেন www.hse.ie/covid19।

COVID-19 ও 12-15 বছর বয়সী শিশু

12 থেকে 15 বছর বয়সী COVID-19-এ আক্রান্ত বেশিরভাগ শিশু ও কিশোরকিশোরীদের মধ্যে খুব সামান্য উপসর্গ দেখা যায় অথবা উপসর্গ একেবারেই দেখা যায় না। এই বয়সে COVID-19 হলে পড়াশুনা ব্যাহত হতে পারে, কারণ শিশুরা স্কুলে যেতে পারবে না।

COVID-19 আক্রান্ত শিশুদের গুরুতর অসুস্থতা হতে পারে, তাদের হাসপাতালে ভর্তি করতে হতে পারে বা মৃত্যুও হতে পারে, কিন্তু এমনটা খুবই বিরল ক্ষেত্রে হয়।

কখনও COVID-19-এর সংশ্লিষ্ট উপসর্গগুলি কয়েক সপ্তাহ বা মাস ধরে থাকতে পারে ('দীর্ঘ COVID')। প্রাপ্তবয়স্কদের তুলনায় শিশু এবং কিশোর-কিশোরীদের মধ্যে এই অবস্থার ঝুঁকি কমই থাকে।

শিশুদের COVID-19-এর কারণে হাসপাতালে ভর্তি হওয়ার ঝুঁকি কম, এবং ইন্টেনসিভ কেয়ারে চিকিৎসার প্রয়োজন হওয়ার ঝুঁকিও অত্যন্ত কম।

যেসব শিশু এবং কিশোর-কিশোরীদের নির্দিষ্ট স্বাস্থ্যগত সমস্যা রয়েছে, তাদের গুরুতর অসুস্থতার ঝুঁকি থাকতে পারে। মার্কিন যুক্তরাষ্ট্রের তথ্য থেকে দেখা গেছে COVID-19 সংক্রমণে যে শিশুদের হাসপাতালে ভর্তি করা হয়েছে, তাদের 10 জনের মধ্যে 7 জনেরই অন্য কোনও স্বাস্থ্যগত সমস্যা বিদ্যমান ছিল।

খুব বিরল ক্ষেত্রে, COVID-19-এর ফলে শিশুদের মধ্যে মাল্টিসিস্টেম ইনফ্ল্যামেটরি সিনড্রোম (MIS-C) নামক অবস্থা সৃষ্টি হতে পারে। MIS-C সৃষ্টি হওয়া 75% শিশুর মধ্যে কোনো বিদ্যমান স্বাস্থ্যগত সমস্যা থাকে না।

এই অবস্থা সৃষ্টি হওয়ার ফলে নিউমোনিয়া, হৃদপিণ্ডের প্রদাহ ও শ্বাসকষ্ট দেখা দেয়। MIS-C আক্রান্ত বেশিরভাগ শিশু হাসপাতালে বা ইন্টেনসিভ কেয়ারে চিকিৎসা লাভ করে কিছু দিনের মধ্যে ঠিক হয়ে যায়, তবে কিছু শিশুর মধ্যে দীর্ঘস্থায়ী পার্শ্বপ্রতিক্রিয়া রয়ে যেতে পারে এবং খুব স্বল্প সংখ্যক শিশু মারাও যেতে পারে। ওমিক্রন সংক্রমণের পরে খুব বিরল ক্ষেত্রে MIS-C হতে দেখা যায়।

COVID-19 টিকা কী?

টিকা হল একটি পদার্থ, যেটা কোনও নির্দিষ্ট রোগের রোগ প্রতিরোধ ক্ষমতা (সুরক্ষা) উন্নত করে তোলে। টিকা শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা ব্যবস্থাকে শেখায় যে কীভাবে শরীরকে কোনও রোগের বিরুদ্ধে সুরক্ষিত রাখতে হয়।

উপলব্ধ প্রমাণ থেকে জানা গেছে, COVID-19 টিকা আপনার সন্তানকে COVID-19-এর গুরুতর অসুস্থতা থেকে সুরক্ষা প্রদান করে। শিশুদের টিকা দেওয়ার ফলে আমাদের কমিউনিটিতে শিশুদের COVID-19 সংক্রমণের ফলে গুরুতরভাবে অসুস্থ হয়ে পড়া বা মারা যাওয়ার সংখ্যাও কমে যাবে।

আমার সন্তানকে কোন টিকা দেওয়া হচ্ছে?

আপনার সন্তানকে যে টিকা দেওয়া হচ্ছে, তার নাম কমির্নাটি (Pfizer/ BioNTech)।

এটি একটি mRNA টিকা, এটাতে COVID-19 সংক্রমণ সৃষ্টিকারী কোনো জীবিত ভাইরাস থাকে না, এই টিকা আপনার সন্তানের শরীরকে শেখায় কীভাবে এমন প্রোটিন তৈরি করা যায়, যেটা রোগ প্রতিরোধ প্রতিক্রিয়াকে সক্রিয় করতে পারে।

আপনার সন্তানের শরীর তখন অ্যান্টিবডি সৃষ্টি করতে থাকে, যে অ্যান্টিবডি তার শরীরে ভবিষ্যতে COVID-19 ভাইরাস প্রবেশ করলে সেই সংক্রমণের বিরুদ্ধে লড়াই করতে সাহায্য করে।

শিশুকে টিকা প্রদানের আগে, আপনাকে শিশুর টিকা নেওয়ার বিষয়ে সম্মতি প্রদান করতে বলা হবে এবং সেই সম্মতি রেকর্ড করা হবে।

কমিনাটি টিকা, যেটা আপনার সন্তানকে দেওয়া হচ্ছে, সেটা একটি অভিযোজিত টিকা। অভিযোজিত টিকায় COVID-19-এর বিভিন্ন স্ট্রেনের হাত থেকে সুরক্ষা প্রদানের জন্য mRNA থাকে। আসল টিকার তুলনায়, এগুলি COVID-19-এর ভ্যারিয়েন্টের বিরুদ্ধে ব্যাপক সুরক্ষা প্রদান করবে বলে আশা করা হচ্ছে।

ন্যাশনাল ইমিউনাইজেশন অ্যাডভাইজরি কমিটি থেকে 12-15 বছর বয়সী শিশুদের জন্য অভিযোজিত টিকার সুপারিশ দেওয়া হয়েছে এবং এই টিকা ইউরোপিয়ান মেডিসিন এজেন্সি কর্তৃক অনুমোদিত।

টিকাটি 12 থেকে 15 বছর বয়সী সকল শিশুদের দেওয়া হচ্ছে কেন?

এই বয়সের ছেলেমেয়েদের টিকা দেওয়ার মূল উদ্দেশ্য হল মানুষকে সুরক্ষিত রাখা এবং এই ভাইরাস সৃষ্ট অসুস্থতা ও মৃত্যুর পরিমাণ হ্রাস করা।

আপনার সন্তানের COVID-19 টিকা নেওয়া থাকলে, তা আপনার সন্তানের পাশাপাশি তার চারপাশের ছেলেমেয়েদেরও COVID-19-এ গুরুতরভাবে অসুস্থ হয়ে পড়া থেকে রক্ষা করবে। এই বয়সী ছেলেমেয়েদের মধ্যে COVID-19 থেকে গুরুতরভাবে অসুস্থ হয়ে পড়া বিরল ঘটনা, তবে টিকা নেওয়া থাকলে এই COVID-19-এ গুরুতর অসুস্থ হওয়ার সম্ভাবনা আরও কমে যাবে।

ন্যাশনাল ইমিউনাইজেশন অ্যাডভাইজরি কমিটি (NIAC) দুর্বল রোগ প্রতিরোধ ক্ষমতা সম্পন্ন শিশুদের COVID-19 টিকা গ্রহণের জন্য অখুব বেশি করে সুপারিশ করে।

এই বয়সী সকল শিশুকে টিকা প্রদানের বিষয়ে NIAC-এর সুপারিশটি হল, এই টিকা নেওয়ার ঝুঁকির তুলনায় এর থেকে প্রাপ্ত সুবিধার পরিমাণ অনেক বেশি।

সুবিধার মধ্যে রয়েছে COVID-19 এড়াণোয় সহায়তা পাওয়া এবং COVID-19 থেকে গুরুতর অসুস্থ হয়ে পড়ার বিরল ঝুঁকি থেকে অতিরিক্ত সুরক্ষা লাভ করা। টিকা প্রাপ্ত শিশুদের COVID-19-এর কারণে স্কুল এবং অন্যান্য ক্রিয়াকলাপ মিস করার সম্ভাবনা কমে যায়।

12 থেকে -15 বছর বয়সী সকল শিশুদের টিকার প্রথম বুস্টার দেওয়া হচ্ছে কেন?

আগে নেওয়া টিকা থেকে আপনার সন্তান যে সুরক্ষা পেয়েছে, তা সময়ের সাথে হ্রাস হতে পড়েছে।

ওমিক্রন ভ্যারিয়েন্টের অত্যন্ত সংক্রমণ ক্ষমতা ও এই দুর্বল সুরক্ষার অর্থ হল, অতিমারির সাম্প্রতিক ঢেউয়ের তুলনায় এই ঢেউয়ে 12 থেকে 15 বছর বয়সী অনেক শিশুকে হাসপাতালে ভর্তি করার দরকার হতে পারে।

আমাদের আশা, প্রথম বুস্টার ডোজ COVID-19 এর বিরুদ্ধে আরও ভালো সুরক্ষা প্রদান করবে এবং এই বয়সী শিশুদের অসুস্থ হয়ে পড়া রোধ করবে ও হাসপাতালে ভর্তি হওয়ার প্রয়োজনীয়তা হ্রাস করবে।

দুর্বল রোগ প্রতিরোধ ক্ষমতা সম্পন্ন শিশুদের প্রথম বুস্টার নেওয়ার সুপারিশ করা হয়।

তবে 12-15 বছর বয়সী সকল শিশু বুস্টার ডোজ গ্রহণ করতে পারে, কারণ:

- টিকা নেওয়ার ফলে উদ্ভূত ঝুঁকির তুলনায় প্রাপ্ত সুবিধার মাত্রা বেশি
- এটাটি COVID-19-এর ঝুঁকি এবং জটিলতা (গুরুতর অসুস্থতা, দীর্ঘ কোভিড এবং MIS-C সহ) হ্রাস করে
- তাদের স্কুল মিস করার এবং বৃহত্তর কল্যাণের স্বার্থে অন্যান্য গুরুত্বপূর্ণ ক্রিয়াকলাপ মিস করার সম্ভাবনা কমে যায়
- এটি ভবিষ্যতের ভ্যারিয়েন্টের বিরুদ্ধে আরও বেশি সুরক্ষা প্রদান করতে পারে

দুর্বল রোগ প্রতিরোধ ক্ষমতা সম্পন্ন কিছু শিশুকে অতিরিক্ত ডোজ দেওয়া হচ্ছে কেন?

যদি আপনার সন্তান 12 বছর বা তার বেশি বয়সী হয় এবং প্রথম রাউন্ডের COVID-19 টিকা নেওয়ার সময় তার প্রতিরোধ ক্ষমতা দুর্বল থাকে, তাহলে তাকে অতিরিক্ত ডোজ নিতে হতে পারে।

আমরা আশা করি, টিকার একটি অতিরিক্ত ডোজ নেওয়ার ফলে:

- টিকার প্রতি তাদের রোগ প্রতিরোধ ব্যবস্থার প্রতিক্রিয়া উন্নত হবে
- COVID-19-এর বিরুদ্ধে তারা আরও ভালো সুরক্ষা লাভ করবে
- COVID-19-এ গুরুতর অসুস্থ হয়ে পড়া থেকে বাঁচবে

12-15 বছর বয়সী দুর্বল রোগ প্রতিরোধ ক্ষমতা সম্পন্ন কিছু শিশুদের শরতকালীন বুস্টার ডোজ দেওয়া হচ্ছে কেন?

12-15 বছর বয়সী যে শিশুদের রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল, তাদের শরতকালীন বুস্টার ডোজ দেওয়া সুপারিশ করা হয়েছে।

কারণ, আগে নেওয়া টিকা থেকে তারা যে সুরক্ষা পেয়েছে, তা সময়ের সাথে হ্রাস হয়ে পড়েছে, যার অর্থ হল:

- তাদের গুরুতর রোগ হওয়ার ঝুঁকি বেশি
- টিকা প্রদানের পর তাদের রোগ প্রতিরোধ ব্যবস্থা দৃঢ়ভাবে প্রতিক্রিয়া দেয় না

বুস্টার ডোজ নিয়ে আপ টু ডেট থাকলে, তা আপনার শিশুকে COVID-19 থেকে অতিরিক্ত সুরক্ষা প্রদান করে এবং COVID-19-এ গুরুতর অসুস্থ হয়ে পড়া প্রতিরোধ করতে সহায়তা করে।

কিছু বিশেষ স্বাস্থ্যগত সমস্যা যুক্ত শিশুদের শরতকালীন বুস্টার ডোজ দেওয়া হচ্ছে কেন?

12-15 বছর বয়সী যে শিশুদের স্বাস্থ্যগত সমস্যা রয়েছে, তাদের COVID-19-এ গুরুতর অসুস্থ হয়ে পড়ার উচ্চ ঝুঁকি রয়েছে, তাই তাদের শরতকালীন বুস্টার ডোজ প্রদানের সুপারিশ করা হয়।

এর কারণ হল:

- আপনার সন্তান আগে নেওয়া টিকা থেকে যে সুরক্ষা লাভ করেছিল বা COVID-19 সংক্রমণ থেকে যে সুরক্ষা পেয়েছিল, তা সময়ের সাথে দুর্বল হয়ে যেতে পারে
 - আপনার সন্তানের COVID-19 হয়ে থাকলে, তাদের গুরুতর অসুস্থ হয়ে পড়ার ঝুঁকি বেশি থাকে
- বুস্টার ডোজ COVID-19-এর বিরুদ্ধে আপনার সন্তানের সুরক্ষা বৃদ্ধি করে। এটা না নিলে, COVID-19-এ তাদের গুরুতর অসুস্থ হয়ে পড়ার ঝুঁকি থাকে।

12 থেকে 15 বছর বয়সী শিশুদের জন্য টিকা কি কার্যকরী?

কর্মিনাটি (Pfizer/BioNTech) টিকার ক্লিনিকাল ট্রায়ালে দেখা গেছে এই বয়সী শিশুদের মধ্যে COVID-19 প্রতিরোধে এটি অত্যন্ত কার্যকর।

12 থেকে 15 বছর বয়সী শিশুদের জন্য টিকা কি নিরাপদ?

NIAC আয়ারল্যান্ডে 12 বা তার বেশি বয়সী শিশুদের জন্য এই COVID-19 টিকার সুপারিশ করেছে।

ক্লিনিকাল ট্রায়ালের অংশ হিসাবে, 12 থেকে 15 বছর বয়সী 2,000 জনেরও বেশি শিশু এবং তরুণ-তরুণী সহ হাজার লোকের উপর এই টিকা পরীক্ষা করা হয়েছে। 12 থেকে 15 বছর বয়সী শিশু এবং তরুণ-তরুণীদের ওপর করা ক্লিনিকাল ট্রায়ালে কোনও অতিরিক্ত নিরাপত্তাগত উদ্বেগ পাওয়া যায়নি।

আশা করা হচ্ছে, আগের টিকার মতোই অভিযোজিত টিকাও নিরাপদ হবে। ইউরোপিয়ান মেডিসিন এজেন্সি (EMA) এই টিকার নিরাপত্তা পর্যবেক্ষণ করতে থাকবে

এই টিকা নিরাপত্তা, গুণমান এবং কার্যকারিতার কঠোর মানদণ্ড পূরণ করেছে এবং নিয়ন্ত্রকদের থেকে অনুমোদন ও লাইসেন্সও পেয়েছে। আয়ারল্যান্ডের ক্ষেত্রে, নিয়ন্ত্রক সংস্থা হল ইউরোপিয়ান মেডিসিন এজেন্সি (EMA)- আরও তথ্যের জন্য www.ema.europa.eu-তে যান।

ব্যবহারের অনুমোদন পাওয়ার জন্য, টিকাটিতে নিরাপত্তার আন্তর্জাতিক মান অনুসরণ করে অন্যান্য লাইসেন্সপ্রাপ্ত ওষুধের মতোই সমস্ত ক্লিনিকাল ট্রায়ালের এবং নিরাপত্তাগত পরীক্ষা করা হয়েছে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সমস্ত COVID-19 টিকার নিরাপত্তাগত পর্যবেক্ষণগুলি ক্রমাগত পর্যালোচনা করে থাকে।

এই COVID-19 টিকার কাজ স্বাভাবিকের চেয়ে অনেক দ্রুত গতিতে এগিয়েছে ঠিকই, আমরা আপনার সন্তানকে যে টিকা প্রদান করছি, তবে সেটি একটি নিরাপদ ও কার্যকর টিকা তৈরি এবং অনুমোদনের প্রয়োজনীয় সমস্ত ধাপই অতিক্রম করেছে।

আমরা এখনও এই বয়সীদের মধ্যে COVID-19 টিকার কার্যকারিতা ও পার্শ্ব প্রতিক্রিয়ার বিষয়ে অনেক কিছু শিখছি।

সমস্ত ওষুধেরই পার্শ্বপ্রতিক্রিয়া থাকে এবং আপনার সন্তানকে টিকা দেওয়ার সম্মতি দেওয়ার আগে, আপনাকে এই লিফলেটে টিকার পরিচিত সাধারণ এবং বিরল পার্শ্বপ্রতিক্রিয়ার বিষয়ে পড়ে নিতে হবে।

বহু দেশে লক্ষ শিশুকে COVID-19-এর টিকা দেওয়া হয়েছে।

12-15 বছর বয়সী শিশুদের মধ্যে বুস্টার বা অতিরিক্ত ডোজের সুরক্ষা ও পার্শ্ব প্রতিক্রিয়া সম্পর্কে আমাদের কী জানা আছে?

অনেক দেশেই এই বয়সীদের বুস্টার এবং অতিরিক্ত ডোজ প্রদান করা হচ্ছে।

বুস্টারের নিরাপত্তা এবং অতিরিক্ত ডোজ সম্পর্কে খুব বেশি তথ্য উপলব্ধ নেই।

মায়োকার্ডাইটিস এবং পেরিকার্ডাইটিস হল হৃদপিণ্ডের প্রদাহজনিত অবস্থা এবং mRNA টিকার ক্ষেত্রে এই ঝুঁকি বিরল। এই বিরল পার্শ্বপ্রতিক্রিয়াগুলি 30 বছরের কম বয়সী পুরুষদের মধ্যে, প্রধান টিকার দ্বিতীয় ডোজ নেওয়ার পরে বেশি দেখা যায়। প্রথম বুস্টার নেওয়ার পরে এই পার্শ্ব প্রতিক্রিয়াগুলির ঝুঁকি অনেকটাই কমে যায়। বড় কিশোর-কিশোরীদের তুলনায়, 12-15 বছর বয়সীদের মধ্যে মায়োকার্ডাইটিস হওয়ার ঝুঁকি কম থাকে।

আশা করা হচ্ছে, আগের টিকার মতোই অভিযোজিত টিকাও নিরাপদ হবে। ইউরোপিয়ান মেডিসিন এজেন্সি (EMA) কি টিকার নিরাপত্তা ক্রমাগত পর্যবেক্ষণ করতে থাকবে।

আমার সন্তানের ইতিমধ্যেই COVID-19 হয়েছিল, সে কি টিকা নিতে পারে?

আপনার সন্তানের ইতিমধ্যেই যদি COVID-19 হয়ে থাকে, তবে তাদের মধ্যে কিছুটা রোগ প্রতিরোধ ক্ষমতা গড়ে ওঠার সম্ভাবনা রয়েছে। আপনার সন্তানের ইতিমধ্যেই COVID-19 হয়ে থাকলেও, আবার তাদের এটা হতে পারে।

এই টিকা আবার COVID-19 সংক্রমণ হওয়ার ঝুঁকি হ্রাস করবে।

আমার সন্তানের বেশি তাপমাত্রা থাকলে, সে কি এই অবস্থায় COVID-19 টিকা নিতে পারে?

না। যদি তার জ্বর হয় (তাপমাত্রা 38 ডিগ্রি সেলসিয়াস বা তার বেশি), তবে সুস্থ না হওয়া পর্যন্ত তার টিকা নেওয়া থেকে বিরত থাকা উচিত।

টিকা নেওয়ার ফলে কি আমার সন্তানের COVID-19 হতে পারে?

না। COVID-19 টিকা নিলে আপনার সন্তানের COVID-19 হতে পারে না। তবে টিকা নেওয়ার আগে COVID-19 সংক্রমণ হয়ে থাকতে পারে এবং টিকা নেওয়ার অ্যাপয়েন্টমেন্টের পর হয়ত উপসর্গগুলি ফুটে উঠতে পারে।

যদি আপনার সন্তানের মধ্যে COVID-19-এর কোনো উপসর্গ দেখতে পান - অথবা যদি তার টিকা নেওয়ার 2 দিন পরে জ্বর শুরু হয়, বা জ্বর 2 দিনের বেশি সময় ধরে থাকে - তাহলে তাকে আইসোলেশনে রাখা (নিজেদের ঘরে থাকা) উচিত এবং আপনি পরামর্শের জন্য www.hse.ie/covid19 ভিজিট করতে পারেন।

আমার সন্তান কি অন্য টিকা নেওয়ার সময়কালেও এই টিকা নিতে পারে?

যদি আপনার সন্তান সম্প্রতি MPOX (যেটা মাক্সিপক্স নামে পরিচিত) টিকা (ইমভ্যানেক্স (Imvanex) বা জাইনেওস (Jynneos)) নিয়ে থাকে তবে মায়োকর্ডাইটিসের মতো অজানা ঝুঁকির সতর্কতা হিসাবে COVID-19 টিকা নেওয়ার আগে 4 সপ্তাহ অপেক্ষা করা উচিত।

তবে, আপনার শিশু প্রয়োজনীয় অন্যান্য টিকা, যেমন ন্যাজাল স্প্রে ফ্লু-এর টিকা এবং স্কুল-ভিত্তিক যেকোনো টিকার সাথে একই সময়ে COVID-19 টিকা নিতে পারে।

আমার সন্তানের টিকাদাতা কে?

ইনি হলেন সেই ব্যক্তি যিনি শিশুর টিকাদাতা। ইনি COVID-19 টিকা দেওয়ার জন্য HSE দ্বারা প্রশিক্ষিত।

COVID-19 টিকা কীভাবে দেওয়া হয়?

COVID-19 টিকা বাহতে ইনজেকশন হিসাবে দেওয়া হয়। এতে মাত্র কয়েক মিনিট সময় লাগবে।

আমার সন্তানকে COVID-19 টিকার কটি ডোজ নিতে হবে?

COVID-19 টিকার প্রথম রাউন্ডে গুরুতর অসুস্থতা থেকে সুরক্ষা পেতে, সমস্ত শিশুদের 8 সপ্তাহের ব্যবধানে এই টিকার 2টি ডোজ নেওয়া প্রয়োজন।

12 থেকে 15 বছর বয়সী শিশুরা প্রথম রাউন্ডের COVID-19 টিকা নেওয়ার বা সংক্রমণ হওয়ার কমপক্ষে 4 মাস পরে প্রথম বুস্টার ডোজ নিতে পারে।

যদি আপনার সন্তানের এমন কোনো স্বাস্থ্যগত অবস্থা থাকে, যার জন্য সে COVID-19-এ গুরুতরভাবে অসুস্থ হয়ে পড়তে পারে, তাহলে তাকে শরতকালীন বুস্টার ডোজ নেওয়ার সুপারিশ করা হয়, এটা তাকে শেষ COVID-19 টিকা নেওয়ার বা সংক্রমণ হওয়ার 9 মাস পরে নিতে হবে।

তবে, যদি আপনার সন্তানের রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল হয়, তবে তার প্রথম ডোজ নেওয়ার 4 সপ্তাহ পরেই দ্বিতীয় ডোজ নেওয়া উচিত। দ্বিতীয় ডোজ নেওয়ার 8 সপ্তাহ পরে, তাকে COVID-19 টিকার অতিরিক্ত ডোজ নিতে হতে পারে। তারপরে তাকে অতিরিক্ত ডোজ নেওয়ার বা COVID-19 সংক্রমণ হওয়ার 4 মাস পরে একটি প্রথম বুস্টার নিতে হবে।

দুর্বল রোগ প্রতিরোধ ক্ষমতা সম্পন্ন যে শিশুরা অতিরিক্ত ডোজ এবং প্রথম বুস্টার ডোজ নিয়েছে, তাদের শরতকালীন বুস্টার ডোজ নেওয়ার সুপারিশ করা হয়। শরতকালীন বুস্টার ডোজটি পূর্ববর্তী বুস্টার ডোজ নেওয়ার বা COVID-19 সংক্রমণ হওয়ার 6 মাস পরে নেওয়া উচিত।

আমার সন্তানের এখন COVID-19 হয়েছে, সে কি টিকা নিতে পারে?

যদি আপনার সন্তানের COVID-19 হয়ে থাকে এবং তার টিকার প্রথম ডোজ নেওয়া বাকি থাকে, তাহলে তার মধ্যে প্রথম উপসর্গ দেখতে পাওয়ার বা COVID-19 পরীক্ষা পজিটিভ আসার 4 সপ্তাহ পর টিকা দেওয়া যেতে পারে।

যদি আপনার সন্তানের COVID-19 হয়ে থাকে এবং তার টিকার দ্বিতীয় ডোজ নেওয়া বাকি থাকে, তাহলে তার মধ্যে প্রথম উপসর্গ দেখতে পাওয়ার বা COVID-19 পরীক্ষা পজিটিভ আসার 8 সপ্তাহ পর টিকা দেওয়া যেতে পারে।

যদি আপনার সন্তানের রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল এবং তার দ্বিতীয় ডোজ নেওয়ার পরে COVID-19 হয়ে থাকে এবং অতিরিক্ত ডোজ নেওয়া বাকি থাকে:

- যদি টিকার দ্বিতীয় ডোজ নেওয়ার 7 দিন বা তার পরে COVID-19 সংক্রমণ হয়, তবে অতিরিক্ত ডোজ নেওয়ার দরকার নেই। সংক্রমণের 4 মাস পরে তাকে প্রথম বুস্টার ডোজ নিতে হবে
- যদি আপনার সন্তানের দ্বিতীয় ডোজ নেওয়ার 7 দিনের মধ্যে COVID-19 সংক্রমণ হয় তবে সংক্রমণের 4-8 সপ্তাহ পরে তাকে অতিরিক্ত ডোজ নিতে হবে

যদি আপনার সন্তানের বুস্টার ডোজ বাকি থাকে, তাহলে COVID-19 সংক্রমণের পরে আপনার সন্তান কবে বুস্টার নিতে পারে, সেই তথ্যের জন্য পূর্ববর্তী প্রশ্নটি পড়ুন।

টিকার অতিরিক্ত ডোজ বা বুস্টার ডোজ কি EMA বা NIAC থেকে লাইসেন্সপ্রাপ্ত?

দুর্বল রোগ প্রতিরোধ ক্ষমতা সম্পন্ন শিশুদের অতিরিক্ত ডোজের ক্ষেত্রে:

- EMA থেকে দ্বিতীয় ডোজ নেওয়ার অন্তত 28 দিন পর একই mRNA টিকার একটি অতিরিক্ত ডোজ নেওয়ার অনুমোদন করা হয়েছে।
- আয়ারল্যান্ডে NIAC সুপারিশ করেছে, এই শিশুরা দ্বিতীয় ডোজ নেওয়ার 8 সপ্তাহ পরে অতিরিক্ত ডোজ হিসাবে Pfizer টিকা নিতে পারে।

এই বয়সী সমস্ত শিশুদের জন্য প্রথম বুস্টার:

- EMA, এই বয়সী যে শিশুরা আগে Pfizer টিকা নিয়েছে, তাদের শেষ ডোজ নেওয়ার 3 মাস পরে Pfizer টিকার প্রথম বুস্টার ডোজ দেওয়ার অনুমোদন দিয়েছে।
- আয়ারল্যান্ডে NIAC সুপারিশ করেছে, এই বয়সী যে শিশুরা তাদের নেওয়া mRNA টিকা নির্বিশেষে, শেষ COVID-19 ডোজ নেওয়ার 4 মাস পরে একটি বুস্টার ডোজ হিসাবে Pfizer টিকা নিতে পারে।

এই বয়সী কিছু শিশুদের জন্য পরবর্তী বুস্টার:

- 12-15 বছর বয়সী যে শিশুরা তাদের স্বাস্থ্যগত সমস্যার কারণে COVID-19-এ গুরুতরভাবে অসুস্থ হয়ে পড়ার ঝুঁকিতে থাকে, তাদের জন্য NIAC একটি শরতকালীন বুস্টার নেওয়ার সুপারিশ করেছে। NIAC দুর্বল রোগ প্রতিরোধ ক্ষমতা সম্পন্ন কিছু শিশুদের জন্য শরতকালীন বুস্টার ডোজ সুপারিশ করেছে।

আমরা কি আয়ারল্যান্ডে EMA বা NIAC প্রদত্ত পরামর্শ অনুসরণ করি?

- স্থানীয় তথ্য এবং বিবেচনার কারণে NIAC প্রদত্ত সুপারিশগুলি EMA-এর সুপারিশের থেকে আলাদা হতে পারে।

আয়ারল্যান্ডে আমরা NIAC প্রদত্ত পরামর্শ অনুসরণ করি।

টিকার পার্শ্বপ্রতিক্রিয়াগুলি কী?

সমস্ত ওষুধের মতোই, এই টিকাতেও পার্শ্ব প্রতিক্রিয়া সৃষ্টি হতে পারে। এর মধ্যে বেশিরভাগ পার্শ্বপ্রতিক্রিয়াই হালকা থেকে মাঝারি মানের, সাময়িক এবং সবার হয় না।

10 জনের মধ্যে 1 জনের বেশি মানুষের মধ্যে এই **খুব সাধারণ** পার্শ্বপ্রতিক্রিয়া দেখা যেতে পারে:

- ক্লান্তিভাব
- বাছতে টিকার ইনজেকশন নেওয়ার স্থানে কোমলতা বা ফোলাভাব
- মাথা ব্যথা
- পেশী ব্যথা
- গাঁটে ব্যথা
- ডায়েরিয়া
- জ্বর (38 ডিগ্রি সেলসিয়াস বা তার বেশি শরীরের তাপমাত্রা) বা শীত ভাব

10 জনের মধ্যে 1 জনের মধ্যে এই **সাধারণ** পার্শ্বপ্রতিক্রিয়া দেখা যেতে পারে:

- গা গোলানো
- বমি
- টিকার ইনজেকশন নেওয়ার স্থানে লালচেভাব
- লসিকা গ্রন্থি ফুলে যাওয়া (বুস্টার ডোজ নেওয়ার পরে প্রায়ই দেখা যায়)

100 জনের মধ্যে 1 জনের এই **অস্বাভাবিক** পার্শ্বপ্রতিক্রিয়া দেখা যেতে পারে:

- মাথা ঘোরা
- টিকার ইনজেকশন নেওয়ার স্থানে চুলকানি
- চুলকানিভাব
- ফুসকুড়ি
- অনিদ্রা
- অত্যধিক ঘাম
- রাতে ঘাম দেওয়া
- খিদে কমে যাওয়া
- শক্তির অভাব, আলস্য বা অসুস্থ বোধ করা
- বাছতে টিকার ইনজেকশন নেওয়ার স্থানে ব্যথা

1,000 জনের মধ্যে 1 জনের এই **বিরল** পার্শ্বপ্রতিক্রিয়া দেখা যেতে পারে:

- মুখের একপাশ সাময়িকভাবে বুলে যাওয়া

10,000 জনের মধ্যে 1 জনের এই **খুব বিরল** পার্শ্বপ্রতিক্রিয়া দেখা যেতে পারে:

- মায়োকার্ভাইটিস এবং পেরিকার্ভাইটিস - মানে হৃৎপিণ্ডের পেশী বা হৃৎপিণ্ডের পেশীর আস্তরণের প্রদাহ (লক্ষণ নীচে দেখুন।)

মায়োকার্ভাইটিস এবং পেরিকার্ভাইটিস হল হৃৎপিণ্ডের প্রদাহজনক অবস্থা। অল্পবয়সী পুরুষদের মধ্যে এই বিরল অবস্থার ঝুঁকি বেশি থাকে।

দ্বিতীয় ডোজ নেওয়ার পরে এই অবস্থা দেখা যাওয়ার সম্ভাবনা বেশি থাকে এবং বেশিরভাগই টিকা নেওয়ার 14 দিনের মধ্যে দেখা যায়।

দুটি ইউরোপীয় গবেষণায় টিকার দ্বিতীয় ডোজ নেওয়ার পরে মায়োকার্ভাইটিস হওয়ার ঝুঁকি অনুমান করা হয়েছে:

- 12 থেকে 29 বছর বয়সী প্রতি 38,000 জন পুরুষের মধ্যে 1টি অতিরিক্ত কেস (7 দিনের মধ্যে)
- 16 থেকে 24 বছর বয়সী প্রতি 17,500 জন পুরুষের মধ্যে 1টি অতিরিক্ত কেস (28 দিনের মধ্যে)

অন্যান্য দেশের প্রাথমিক তথ্য থেকে জানা গেছে 16 থেকে 24 বছর বয়সীদের তুলনায় 12 থেকে 15 বছর বয়সীদের মায়োকার্ভাইটিস হওয়ার সম্ভাবনা কম থাকে। 16 বা তার বেশি বয়সীদের প্রাথমিক তথ্য থেকে জানা গেছে, দ্বিতীয় ডোজের তুলনায় বুস্টার ডোজ নেওয়ার পরে মায়োকার্ভাইটিস কম রিপোর্ট হয়েছে। তথ্য থেকে জানা গেছে, বেশিরভাগ ক্ষেত্রে মায়োকার্ভাইটিস অল্প সময়ের জন্য স্থায়ী হয় এবং সহায়ক পরিচর্যা ঠিকও হয়ে যায়; দীর্ঘমেয়াদী প্রভাব বোঝার জন্য গবেষণা করা হচ্ছে।

টিকা নেওয়ার পরে কত জনের মধ্যে এই পার্শ্বপ্রতিক্রিয়া দেখা যাবে, তা এখনও জানা যায়নি, তবে এগুলি হওয়ার সম্ভাবনা **খুবই বিরল**:

- গুরুতর অ্যালার্জিকজনিত প্রতিক্রিয়া। আপনার টিকাদাতা গুরুতর অ্যালার্জিকজনিত প্রতিক্রিয়ার চিকিৎসা করার কাজে প্রশিক্ষণপ্রাপ্ত।
- এরিথেমা মাল্টিফর্ম (Erythema Multiforme), এক প্রকারের ত্বকের প্রতিক্রিয়া যেটায় ত্বকে লালচে দাগ বা প্যাচ সৃষ্টি হয়, যেটাকে টার্গেট বা "বুলস-আই" এর মতো লাগতে পারে এবং এর কেন্দ্রে গাঢ় লাল অংশের চারপাশে বৃত্তাকারে ফ্যাকাশে লাল হয়ে থাকে।
- ফেসিয়াল ফিলার করা থাকলে, মুখ ফুলে যাওয়া
- হাতে (বা পায়ের) টিকা দেওয়ার স্থানে ব্যাপক ফোলাভাব
- ব্লানব্লান বা কাঁটা ফোটার মতো লাগা অথবা শরীরের কিছু জায়গায় অসাড় হয়ে যাওয়া
- অত্যধিক ঋতুস্রাব

অন্যান্য সমস্ত লাইসেন্সপ্রাপ্ত টিকার মতোই COVID-19 টিকাও একই ক্লিনিকাল ট্রায়াল এবং নিরাপত্তাগত পরীক্ষার অতিক্রম করেছে, তবে টিকাটি নতুন এবং এর দীর্ঘমেয়াদী পার্শ্ব প্রতিক্রিয়ার তথ্য এখনও বেশি উপলব্ধ নেই।

আয়ারল্যান্ড এবং সারা বিশ্বে যত বেশি লোক এই টিকা গ্রহণ করবে, ততই পার্শ্বপ্রতিক্রিয়া সম্পর্কিত আরও তথ্য উপলব্ধ হবে। HSE নিয়মিত আমাদের ওয়েবসাইটে এই তথ্য আপডেট করবে, এবং প্রয়োজন হলে টিকা নেওয়ার সময় মানুষদের যে তথ্য সম্বলিত লিফলেট দেওয়া হয়, তা আপডেট করবে।

মায়োকর্ডাইটিস এবং পেরিকর্ডাইটিসের লক্ষণ

বিরল ক্ষেত্রে, কমির্নাটি (Pfizer/BioNTech) টিকা নেওয়ার পর লোকেদের মধ্যে মায়োকর্ডাইটিস এবং পেরিকর্ডাইটিস দেখা দিতে পারে। মায়োকর্ডাইটিস এবং পেরিকর্ডাইটিস হল হৃদপিণ্ডের প্রদাহজনক অবস্থা।

আপনার সন্তানের এই লক্ষণগুলি দেখা দিচ্ছে কি না, তা আপনাকে দেখতে হবে।

টিকা নেওয়ার পরে আপনার সন্তানের মধ্যে নিম্নলিখিত লক্ষণগুলির মধ্যে কোনোটি দেখতে পেলে চিকিৎসার সহায়তা নিন:

- শ্বাসকষ্ট
- বুক ধড়ফড় করা (তীব্র হৃদস্পন্দন, যেটা অনিয়মিতও হতে পারে)
- বৃক্কে ব্যথা

এমন কিছু শিশু কি রয়েছে, যাদের COVID-19 টিকা নেওয়া উচিত নয়?

হ্যাঁ। আপনার সন্তানের কমির্নাটি (Pfizer/BioNTech) COVID-19 টিকা নেওয়া উচিত নয় যদি:

- আপনার সন্তানের টিকার যেকোনো উপাদানের (পলিথিন গ্লাইকোল বা PEG সহ) প্রতি তীব্র অ্যালার্জিজেনিত প্রতিক্রিয়া থাকে। উপাদানের তালিকা দেখার জন্য টিকা প্রস্তুতকারকের সরবরাহ করা রোগীর তথ্য লিফলেট পড়ুন
- আপনার সন্তানের Pfizer/BioNTech বা Moderna COVID-19 টিকার পূর্ববর্তী ডোজ নেওয়ার পর গুরুতর অ্যালার্জিজেনিত প্রতিক্রিয়া হয়ে থাকে
- ট্রোমেটামল (Trometamol) (MRI রেডিওলজিক্যাল অধ্যয়নগুলিতে ব্যবহৃত কনট্রাস্ট ডাই-এর উপাদানের মধ্যে একটি)-এর প্রতি আপনার সন্তানের গুরুতর অ্যালার্জিজেনিত প্রতিক্রিয়া রয়েছে।
- আপনার সন্তানকে একজন ডাক্তার Moderna COVID-19 বা Pfizer/BioNTech COVID-19-এর টিকা নেওয়া উচিত নয় হিসাবে পরামর্শ দিয়েছেন।

আপনার সন্তানের যদি নিম্নলিখিতগুলি থেকে থাকে তাহলে COVID-19 ভ্যাকসিন নেওয়ার আগে আপনার উচিত আপনার সন্তানের চিকিৎসকের সাথে কথা বলা :

- অতীতে কোনো প্রকারের ভ্যাকসিন বা ওষুধের প্রয়োগে গুরুতর অ্যালার্জি হওয়ার ঘটনা থাকলে
- COVID-19 ভ্যাকসিনের পূর্ববর্তী ডোজ নেওয়ার পর মায়োকর্ডাইটিস বা পেরিকর্ডাইটিস (হৃদপিণ্ডের পেশীতে অথবা হৃদপিণ্ডের পর্দায় প্রদাহ) হলে

সম্প্রতি আপনার সন্তান যদি MPOX ভ্যাকসিন (ইমভানেক্স বা জিনিওস) নিয়ে থাকে, তাহলে আগাম সতর্কতা হিসেবে তাদের COVID-19 ভ্যাকসিন নেওয়ার জন্য 4 সপ্তাহ অপেক্ষা করতে হবে যাতে মায়োকর্ডাইটিসের সংক্রান্ত কোনো প্রকারের ক্ষতি না ঘটে।

বেশির ভাগ শিশুই নিরাপদে টিকা নিতে পারবে। ভ্যাকসিন নেওয়ার অ্যাপার্টমেন্টের সময়, যিনি আপনার সন্তানকে ভ্যাকসিন দেবেন তিনি আপনার যে কোন প্রকারের জিজ্ঞাস্যের উত্তর আনন্দের সাথে দিয়ে থাকবেন।

তারা আপনাকে ভ্যাকসিন নেওয়ার পরবর্তী সময়ে সেবা-শুশ্রূষা সংক্রান্ত একটি লিফলেটও দেবে ও একটি ভ্যাকসিন রেকর্ড কার্ড দেবে যাতে আপনার সন্তানের নাম, আপনার সন্তানকে দেওয়া ভ্যাকসিনের ব্যাচ নম্বর লেখা থাকবে।

ভ্যাকসিন নেওয়ার পর

আমরা আপনাকে আপনার সন্তানের আজকের টিকাদানের একটি রেকর্ড দেবো। **অনুগ্রহ করে এই রেকর্ড কার্ডটি সাবধানে রেখে দেবেন।**

ভ্যাকসিন নেওয়ার পরবর্তী কিছুদিনে কী ঘটতে পারে?

আপনার সন্তানকে যে ভ্যাকসিনটি দেওয়া হয়েছে, সেটি নিয়ে কোনো ব্যক্তির যা পার্শ্ব প্রতিক্রিয়া দেখা দিয়েছে, তা এই লিফলেটে লেখা আছে। এর মধ্যে বেশিরভাগই খুবই হালকা থেকে মাঝারি প্রকারের এবং অল্পক্ষণের জন্য দেখা যায়।

ভ্যাকসিন নেওয়ার পর জ্বর আসা

টিকাকরণের পর জ্বর আসা খুবই সাধারণ ব্যাপার। এটি সাধারণত ভ্যাকসিন নেওয়ার 2 দিনের মধ্যে দেখা যায় এবং 2 দিনের মধ্যে এটি ঠিকও হয়ে যায়। এই ভ্যাকসিনের দ্বিতীয় ডোজটি নেওয়ার পর আপনার সন্তানেরও জ্বর হওয়ার সম্ভাবনা বেশি থাকে।

আপনার সন্তানের যদি অস্বস্তি হয়, আপনি তাকে প্যারাসিটামল বা আইবুপ্রোফেন দিতে পারেন যেমনটি এই বক্সে বা লিফলেটে নির্দেশ হিসাবে দেওয়া রয়েছে। আপনি যদি আপনার সন্তানের স্বাস্থ্য নিয়ে খুবই বিচলিত হয়ে থাকেন, তাহলে ডাক্তারের পরামর্শ নিতে পারেন।

ভ্যাকসিনটি কার্যকরী হতে কতক্ষণ সময় লাগতে পারে?

COVID-19 ভ্যাকসিনের দুটি ডোজই নেওয়ার পরে, বেশিরভাগ মানুষের মধ্যেই এই রোগ প্রতিরোধের ক্ষমতা গড়ে উঠবে। এর মানে তারা COVID-19 জনিত কোনো গুরুতর অসুস্থতার প্রকোপ থেকে নিজেদেরকে বাঁচাতে পারবে।

দ্বিতীয় ডোজ দেবার 7 দিন পর থেকে এটি কার্যকরী হয়।

ভ্যাকসিন নেওয়ার পরেও আপনার সন্তানের COVID-19-এ আক্রান্ত হওয়ার সম্ভাবনা থেকে যায়।

এই ভ্যাকসিন কি সকলের শরীরে কার্যকরী?

গতবছর কোটি মানুষের উপর এই ভ্যাকসিন প্রয়োগ করা হয়েছে। COVID-19 ভ্যাকসিন, যে COVID-19-এ আক্রান্ত হওয়ার প্রবণতা কমাতে তার দৃঢ় ও নির্ভরযোগ্য প্রমাণ রয়েছে। COVID-19-এ আক্রান্ত হয়ে মৃত্যুর হাত থেকে ও গুরুতর কোনো অসুস্থতার হাত থেকে বাঁচাতে এগুলি খুবই কার্যকরী।

প্রত্যেক ব্যক্তির ওপর এই ভ্যাকসিন একইভাবে কাজ করে না এবং টিকাকরণ হয়ে যাবার পরও COVID-19-এ আক্রান্ত হওয়ার সম্ভাবনা বজায় থাকে।

আপনার সন্তানের যদি দুর্বল রোগ প্রতিরোধ ক্ষমতা থেকে থাকে, তাহলে এই ভ্যাকসিন নেওয়ায় তার কোনো অতিরিক্ত ঝুঁকির সম্ভাবনা নেই, তবে এটি আপনার সন্তানের ক্ষেত্রে ততটা কার্যকরী নাও হতে পারে এবং যথাসম্ভব সুরক্ষা প্রদানের জন্য তার এই COVID-19 ভ্যাকসিনের অতিরিক্ত ডোজ নেওয়ার প্রয়োজনও পড়তে পারে।

টিকা গ্রহণের পর গড়ে ওঠা রোগ প্রতিরোধ ক্ষমতা কতদিন কার্যকরী থাকে?

COVID-19 ভ্যাকসিনের মাধ্যমে সুরক্ষা বাড়াতে বুস্টার নেওয়ার সুপারিশ করা হয়ে থাকে। বুস্টার নেওয়ার পর, এর মাধ্যমে গড়ে ওঠা রোগ প্রতিরোধ ক্ষমতা কার্যকরী থাকবে সে সম্পর্কে আমাদের কোনো ধারণা নেই। এটি জানবার জন্য চিকিৎসাগত গবেষণা চালানো হচ্ছে।

আমার সন্তান এই ভ্যাকসিন নেওয়ার পর কি তার থেকে অন্য কারোর COVID-19 হওয়ার সম্ভাবনা নেই?

এখনও পর্যন্ত আমরা এটা জানি না যে এই ভ্যাকসিন COVID-19-এর ছড়িয়ে পড়াকে আটকাতে পারি কি না। এই কারণেই এই ভাইরাসের ছড়ানো রুখতে জনস্বাস্থ্য সংক্রান্ত পরামর্শ আমাদের সকলকে মেনে চলতে হবে।

টিকাকরণের পর, আপনার সন্তানকে টিকা দেওয়া জনগণের জন্য জারি করা জনস্বাস্থ্য সংক্রান্ত নির্দেশিকা মেনে চলতে বলা হবে।

কোনো পার্শ্বপ্রতিক্রিয়া দেখা দিলে তা আমি কীভাবে জানাবো?

সকল ভ্যাকসিনের ন্যায়, কোনো প্রকারের পার্শ্ব প্রতিক্রিয়া দেখা দিলে তা হেলথ প্রডাক্টস রেগুলেটরি অথরিটি (HPRA)-কে জানাতে পারেন।

প্রজাতন্ত্রী আয়ারল্যান্ডের ওষুধ, চিকিৎসা সংক্রান্ত ডিভাইস ও অন্যান্য স্বাস্থ্য সম্পর্কিত প্রোডাক্টের নিয়ন্ত্রক কর্তৃপক্ষ হলো HPRA। ওষুধের সুরক্ষা বজায় রাখার তার দায়িত্বের অংশ হিসেবে, HPRA একটি সিস্টেম চালিয়ে ব্যবহার করে থাকে, যার মাধ্যমে চিকিৎসার সাথে সম্পর্কিত ব্যক্তির বা জনপ্রতিনিধিরা আয়ারল্যান্ডে নেওয়া ওষুধ এবং টিকার সাথে সম্পর্কিত যে কোনো প্রকারের বিরূপ প্রতিক্রিয়ার (পার্শ্বপ্রতিক্রিয়ার) সম্পর্কে জানাতে পারে।

HPRA -এর পক্ষ থেকেও COVID-19 ভ্যাকসিনের কোনো প্রকারের বিরূপ প্রতিক্রিয়াকে (পার্শ্ব প্রতিক্রিয়া) জানানোর জন্য জোর দেওয়া হয়ে থাকে, যাতে এই ভ্যাকসিনকে সুরক্ষিতভাবে এবং কার্যকরীভাবে কাজে লাগানো যায়। COVID-19 ভ্যাকসিনের ফলে ঘটা কোনো বিরূপ প্রতিক্রিয়া জানতে, অনুগ্রহ করে www.hpra.ie/report -তে যান

আপনি আপনার ডাক্তারকে বা পরিবারের কোন সদস্যকেও আপনার হয়ে তা রিপোর্ট করতে বলতে পারেন। আপনি যতটা জানেন ততটাই বলার চেষ্টা করবেন এবং যদি সম্ভব হয় ভ্যাকসিনের ব্যাচ নম্বরটি দেওয়ার চেষ্টা করবেন।

ব্যক্তি বিশেষে HPRA চিকিৎসাগত পরামর্শ প্রদান করতে পারে না। তাদের যে কোন প্রকারের চিকিৎসাগত উদ্বেগের বিষয়ে জনপ্রতিনিধিরা তাদের স্বাস্থ্য সেবায় জড়িত ব্যক্তিদের (তাদের ডাক্তার বা চিকিৎসক) সাথে যোগাযোগ করতে পারে।

আপনার সন্তানের টিকাকরণের জন্য আপনার সম্মতিপত্র

প্রতিটি শিশুর টিকাকরণের সময় তার পিতা-মাতা বা আইনি অভিভাবকের সম্মতি যাওয়া হবে।

কোনো শিশুকে টিকা নেওয়ার জন্য একা টিকাকরণ কেন্দ্রে প্রবেশের অনুমতি দেওয়া হবে না।

টিকা নেওয়া বা না নেওয়ার বিষয়ে আপনার সিদ্ধান্তকে সম্পূর্ণ মান্যতা দেওয়া হবে। আপনার পছন্দ সম্পর্কে আপনাকে অবগত করতে নিচের সারসংক্ষেপের টেবিলটি হয়তো আপনাকে সাহায্য করবে।

ভ্যাকসিন নেওয়ার উপকারিতা	ভ্যাকসিন নেওয়ার ঝুঁকি
<ul style="list-style-type: none"> সেই সকল শিশু ও তরুণ-তরুণীদের সুরক্ষা প্রদান করা যাদের শারীরিক স্থিতির কারণে COVID-19-এ আক্রান্ত হওয়ার ঝুঁকি বেশি। মার্কিন যুক্তরাষ্ট্রের বিভিন্ন তথ্য দেখা গেছে যে COVID-19-এ আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি থাকা 10 জন শিশুর মধ্যে 7 জনের অন্য কোনো শারীরিক রোগ আছে। COVID-19 এর প্রকোপ থেকে সুস্থ শিশু ও তরুণ-তরুণীদের সুরক্ষা প্রদান করা যদিও এই বয়সী লোকদের মধ্যে এতে আক্রান্ত হওয়ার প্রবণতা খুবই কম। শিশুদের COVID-19-এর কারণে হাসপাতালে ভর্তি হওয়ার ঝুঁকি কম, এবং ইন্টেনসিভ কেয়ারে চিকিৎসার প্রয়োজন হওয়ার ঝুঁকিও অত্যন্ত কম। COVID-19 থেকে সুরক্ষা প্রদান এবং COVID-19 জনিত জটিল শারীরিক স্থিতি যেমন 'দীর্ঘ COVID' এবং শিশুদের মধ্যে মাল্টিসিস্টেম ইনফ্ল্যামেটরি সিনড্রোম। প্রাপ্তবয়স্কদের তুলনায় 'দীর্ঘ COVID' হওয়ার সম্ভাবনা শিশুদের ও কম বয়সী কিশোর-কিশোরীদের মধ্যে কম। COVID-19 যা শিশুদের তাদের স্কুলে অনুপস্থিত থাকতে বাধ্য করে তা থেকে সুরক্ষা প্রদান। অন্যদের মধ্যে COVID-19 ছড়ানো রুখতে সাহায্য করতে পারে। এটিকে সেইক্ষেত্রে বিশেষ প্রাধান্য দেওয়া প্রয়োজন যদি শিশু ও কিশোর-কিশোরীরা সেইসকল শিশু বা প্রাপ্তবয়স্কের সাথে বসবাস করে যাদের COVID-19 হওয়ার সম্ভাবনা প্রবল। 	<ul style="list-style-type: none"> ক্ষণস্থায়ী পার্শ্ব প্রতিক্রিয়া যেমন হাতে ব্যথা, জ্বর বা ক্লান্তিভাব। 100,000 লোকের মধ্যে 1 জনের ক্ষেত্রে গুরুতর পার্শ্বপ্রতিক্রিয়া যেমন ভ্যাকসিনের ফলে অ্যালার্জি দেখা যেতে পারে। খুব কম ক্ষেত্রে কিছু মানুষের টিকাকরণের পর হৃদপিণ্ডে প্রদাহ (মায়োকার্ডাইটিস) এবং হৃদপিণ্ডে বাইরের পর্দায় (পেরিকার্ডাইটিস) প্রদাহ লক্ষ্য করা গেছে। বেশিরভাগ লোকই মায়োকার্ডাইটিস ও পেরিকার্ডাইটিস থেকে সেড়ে ওঠে তবে তাদের হাসপাতালে ভর্তি হয়ে চিকিৎসা নিতে হতে পারে। COVID-19 ভ্যাকসিন নেওয়ার ফলে শিশু এবং কিশোর-কিশোরীদের মধ্যে ঘটা কোন দীর্ঘস্থায়ী পার্শ্ব প্রতিক্রিয়া কথা আমাদের জানা নেই। 12-15 বছর বয়সীদের ক্ষেত্রে বুস্টার ও অতিরিক্ত ডোজের সুরক্ষা সম্পর্কে আমাদের কাছে কোনরূপ তথ্য নেই।

আপনার সন্তানকে ভ্যাকসিন দেওয়ার কথা তখনই চিন্তা করুন যদি:	আপনার সন্তানকে ভ্যাকসিন না দেওয়ার কথা বা এই সংক্রান্ত আরও তথ্য উপলব্ধ হওয়া পর্যন্ত অপেক্ষা করার কথা তখনই চিন্তা করুন যদি:
<ul style="list-style-type: none"> আপনার সন্তানের এমন কোন চিকিৎসাগত স্থিতি থেকে থাকে যা তাদের COVID-19-এ আক্রান্ত হওয়ার সম্ভাবনা বাড়িয়ে তোলে। আপনার সন্তান এমন কোনো শিশু বা প্রাপ্ত বয়স্কের সাথে বসবাস করে যার COVID-19 হওয়ার সম্ভাবনা প্রবল। আপনি আপনার সন্তানকে COVID-19, মাল্টিসিস্টেম ইনফ্ল্যামেটরি সিনড্রোম বা 'দীর্ঘ COVID' -এ আক্রান্ত হওয়ার ক্ষীণ সম্ভাবনা হাত থেকেও রক্ষা করতে চান। 	<ul style="list-style-type: none"> টিকাকরণের ফলে মায়োকার্ডাইটিস এবং পেরিকার্ডাইটিসের মতো পার্শ্বপ্রতিক্রিয়া হাত থেকে আপনার সন্তানকে রক্ষা করতে চান যদিও এগুলি হওয়ার সম্ভাবনা খুবই ক্ষীণ। শিশু ও কিশোর-কিশোরীদের উপর মাল্টিসিস্টেম ইনফ্ল্যামেটরি সিনড্রোম এবং COVID-19 সংক্রান্ত আরো তথ্য উপলব্ধ হওয়া পর্যন্ত আপনি অপেক্ষা করতে চান। শিশু ও কিশোর-কিশোরীদের উপর এই ভ্যাকসিনের দীর্ঘকালীন পার্শ্ববর্তী প্রতিক্রিয়া সম্পর্কে আরও তথ্য উপলব্ধ হওয়া পর্যন্ত আপনি অপেক্ষা করতে চান।

আরও তথ্য

আরও তথ্য পেতে, প্রস্তুতকারকের পেশেন্ট ইনফর্মেশন লিফলেটটি পড়ুন। আপনার সন্তান যেদিন ভ্যাকসিন নেবে, সেদিন এটি আপনার জন্য প্রিন্ট করা হবে, বা আপনি www.hse.ie/covid19vaccinePIL-এ গিয়ে এটি দেখতে পারেন

আপনি স্বাস্থ্য সেবার সাথে জড়িত কোনো ব্যক্তির সাথে যেমন আপনার GP (ডাক্তার), চিকিৎসক বা স্বাস্থ্য পরিচর্যার টিমের সাথেও এই ব্যাপারে কথা বলতে পারেন।

আপনি HSE -এর ওয়েবসাইট www.hse.ie/covid19vaccine -তে গিয়ে বা HSE-কে সরাসরি এই নম্বরে ফোন করতে পারেন **1800 700 700**.

অন্যান্য ফরম্যাটে উপকরণ প্রদান ও অনুবাদের সহায়তা সহ COVID-19 ভ্যাকসিন সম্পর্কে আরও তথ্য পেতে, এখানে যান www.hse.ie/covid19vaccinematerials

আপনার ব্যক্তিগত তথ্য

সুষ্ঠুভাবে ভ্যাকসিন দেওয়ার কার্যক্রম চালাতে এবং সকল প্রয়োজনীয় তথ্যের রেকর্ড রাখতে যাতে ভ্যাকসিনকে ভালোভাবে মনিটর ও ম্যানেজ করা যায় HSE আপনার সন্তানের ব্যক্তিগত তথ্য ব্যবহার করবে। সাধারণ নিয়ম কানুন মেনে HSE সকল তথ্যের ব্যবহার করবে এবং 2018 থেকে জারি হওয়া জেনারেল ডাটা প্রোটেকশন রেগুলেশন (GDPR)-এর উপর বিশেষ জোর দেবে।

আপনার সন্তানের সকল তথ্য আইনসম্মত এবং বৈধ উপায়ে ব্যবহার করা হবে। টিকাকরণ ম্যানেজ করার বিশেষ উদ্দেশ্যেই এই সকল তথ্য কেবলমাত্র ব্যবহার করা হবে। তথ্য মিনিমাইজেশনের নীতি জারি করা হয়েছে। এর মানে হলো কেবলমাত্র সেই সকল তথ্যই রেকর্ড করা হবে যা আপনার সন্তানকে চিহ্নিত করতে, তাদের অ্যাপয়নমেন্ট বুক করতে, তাদের টিকাকরণের রেকর্ড এবং তার প্রতিক্রিয়ার উপর নজর রাখতে প্রয়োজনীয়।

আপনার সন্তানের যেসকল তথ্য ব্যবহার করা হবে GDPR-এর অধীনে সেই সকল তথ্য সম্পর্কে আপনার নিম্নলিখিত অধিকারগুলি রয়েছে।

- আপনার সন্তানের বিভিন্ন ব্যক্তিগত তথ্য জানতে অনুরোধ জানানো এবং তাতে অ্যাক্সেস পাওয়া (যা সাধারণত 'তথ্যের বিষয়ে অ্যাক্সেস পাওয়ার অনুরোধ' নামে পরিচিত), এর ফলে আপনি আমাদের কাছে রক্ষিত আপনার সন্তানের বিভিন্ন ব্যক্তিগত তথ্যের একটি অনুলিপি পাবেন এবং পরীক্ষা করে দেখতে পারবেন যে আমরা সেগুলি আইনসম্মতভাবে ব্যবহার করেছি কি না।
- আমাদের কাছে রক্ষিত আপনার সন্তানের বিভিন্ন ব্যক্তিগত তথ্যের সংশোধন করার জন্য অনুরোধ করা। এটি আপনাকে আপনার সন্তানের সম্পর্কে আমাদের কাছে রক্ষিত বিভিন্ন ব্যক্তিগত তথ্য যদি কোনো অসম্পূর্ণ বা ভুল তথ্য থেকে থাকে তা ঠিক করার সুযোগ দেয়।
- আপনার সন্তানের ব্যক্তিগত তথ্য মুছে ফেলার অনুরোধ করুন। আপনার সন্তানের কোনো ব্যক্তিগত তথ্য যা আমাদের কাছে রাখার আর কোনো যুক্তিসংগত কারণ নেই তা আপনি মুছে ফেলতে বা সরিয়ে ফেলতে এর মাধ্যমে অনুরোধ জানাতে পারেন। আপনি যদি আপনার সন্তানের সম্পর্কে এমন কোনো ব্যক্তিগত তথ্য খুঁজে পান যা ব্যবহার করার ক্ষেত্রে আপনার আপত্তি আছে তা মুছে ফেলতে বা সরিয়ে ফেলতে আপনার কাছে আমাদেরকে অনুরোধ জানানোর অধিকার আছে।
- কোনো ব্যক্তিগত তথ্য ব্যবহার করার ক্ষেত্রে আপনার আপত্তি আছে।

এই সংক্রান্ত আরো তথ্য www.hse.ie/eng/gdpr-এ উপলব্ধ আছে।



**COVID-19
VACCINE**
Public Health
Advice

14ই সেপ্টেম্বর 2023-এ HSE কর্তৃক প্রকাশিত
এই সংক্রান্ত সম্প্রতিক তথ্য পেতে
www.hse.ie-এ যান



Rialtas na hÉireann
Government of Ireland